বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৫১

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজারের সার্বিক উন্নয়নের লক্ষ্যে পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন (DBA) এর সাথে বিএসইসি'র মত বিনিময় সভা।**

অদ্য ১৪ অক্টোবর ২০২৪ তারিখে সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সাথে ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন (DBA) এর শীর্ষ প্রতিনিধিদের একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত মত বিনিময় সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র নির্বাহী পরিচালকবৃন্দ এবং ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন (DBA) এর সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও সহ-সভাপতিসহ শীর্ষ প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠিত মত বিনিময় সভার সূচনা বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ দেশের পুঁজিবাজারের সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারে প্রয়োজনীয় ও যথাযথ ভূমিকা রাখার আহ্বান জানান। একটি সমৃদ্ধ ও সফল পুঁজিবাজার গড়তে হলে নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি (BSEC) এর সাথে সাথে পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত সকল অংশীজন প্রতিষ্ঠানগুলোকে এগিয়ে আসতে হবে এবং সকলের সহযোগিতা ও সমর্থনের মাধ্যমেই পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কার সম্ভব বলে উল্লেখ করেন তিনি। পুঁজিবাজারের সংস্কারের নিমিত্ত বিএসইসি টাস্কফোর্স গঠন করেছে এবং উক্ত টাস্কফোর্স ইতোমধ্যে কার্যক্রম শুরু করেছে বলে জানান তিনি। তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান।

সভায় ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন (DBA) এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কার সংক্রান্ত বিষয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন। এসময় দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বিকাশের ক্ষেত্রে বিদ্যমান বিভিন্ন প্রতিবন্ধকতা ও সমাধানের বিষয়ে খোলামেলা আলোচনা হয়। মত বিনিময় সভায় অন্যান্যের মধ্যে সমন্বিত গ্রাহক হিসাব(সিসিএ) এর রিপোর্টিং ও সিসিএ হতে প্রাপ্ত মুনাফাসহ অন্যান্য বিষয়ে সংস্কার প্রস্তাব, পুঁজিবাজারের রেগুলেটরি কাঠামোর সংস্কার ও উন্নয়ন, পুঁজিবাজারের যথাযথ মনিটরিং ও সুশাসন নিশ্চিতকরণ, আইপিও প্রক্রিয়ার প্রয়োজনীয় সংস্কার আনয়ন, পুঁজিবাজারে সমন্বিত ব্যাক অফিস সফটওয়্যার চালুর উদ্যোগ বাস্তবায়ন, পুঁজিবাজারে সঠিক তথ্যের প্রবাহ নিশ্চিতসহ গুরুত্বপূর্ণ মূল্য সংবেদনশীল তথ্যের সুরক্ষা নিশ্চিতকরণ, মার্জিন লোনের সুদহার সংশ্লিষ্ট সংস্কারে উদ্যোগ গ্রহণ, পুঁজিবাজারে আরোপিত কর নীতিসম্পৃক্ত সংস্কারের জন্য সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান ও সংস্থার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা এবং পুঁজিবাজারে বিনিয়োগ উপযোগী পরিবেশ সৃষ্টি ইত্যাদি বিভিন্ন প্রস্তাবনা উঠে এসেছে। সভার আলোচনায় পুঁজিবাজারের উপর বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধির মাধ্যমে পুঁজিবাজারের গঠনমূলক ও টেকসই সংস্কার সাধনের প্রয়োজনীয়তার উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। সর্বোপরি, সভায় দেশের পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের সমন্বিত উদ্যোগের মাধ্যমে যার যার অবস্থান থেকে সকলকে কাজ করার আহ্বান জানানো হয়।

উল্লেখ্য, পুঁজিবাজারের সার্বিক সংস্কার সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সঙ্গে গত ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে DSE, CSE, CDBL, CCBL, BICM, BASM ও CMSF এর শীর্ষ নির্বাহীদের এবং গত ০১ অক্টোবর ২০২৪ তারিখে DBA, BMBA, ACRAB, BAPLC, FRC, ICAB ও ICMAB এর শীর্ষ প্রতিনিধিদের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া পুঁজিবাজারের সার্বিক উন্নয়নের লক্ষ্যে সম্ভাব্য সংস্কার সংক্রান্ত বিষয়ে আলোচনার নিমিত্ত গত ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বর্তমান কমিশনের সাথে বিএসইসি এর সকল পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। একই সাথে সাধারণ বিনিয়োগকারীদের সাথেও গত ০৬ ও ০৯ অক্টোবর তারিখে বিএসইসি'র সভা অনুষ্ঠিত হয়েছে। সংস্কারের চলমান প্রক্রিয়া অনুসরণ করে দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের মতামত ও অংশগ্রহণ এবং অংশীজনদের সহযোগিতায় একটি স্বচ্ছ ও সমৃদ্ধ পুঁজিবাজার গড়ে তুলতে বিএসইসি কাজ করছে।

14-10-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

